গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
রংপুর।

মেমোনং ঃ বিএসএ-রং/ফা-১৬৮/১০৫১

তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৭ ব.।
০৯ আগস্ট ২০২০ খ্রি.।

বিষয় ঃ **স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষে শিশুদের হামদ ও ৭ই মার্চের ভাষণ, রচনা ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রচার প্রসঙ্গে।**

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি, রংপুর কর্তৃক শিশুদের হামদ ও ৭ই মার্চের ভাষণ, রচনা ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত প্রতিযোগিতার প্রচার পত্রটি আপনার প্রতিষ্ঠানে ব্যাপক প্রচারের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল।

০৯.০৮.২০২০

(মোঃ মোস্তাক আহম্মেদ)
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
রংপুর।
ফোন ঃ ০৫২১-৬২৮১৮

প্রাপক ঃ প্রধান শিক্ষক
রংপুর জিলা স্কুল, রংপুর।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক ৮ (আট) পাতা।

মেমোনং ঃ বিএসএ-রং/ফা-১৬৮/১০৫১(৭০)

তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৭ ব.।
০৯ আগস্ট ২০২০ খ্রি.।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২। জেলা প্রশাসক, রংপুর।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রংপুর।
৫। সিনিয়র তথ্য অফিসার, তথ্য অফিস, রংপুর (মাইকযোগে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৬। জেলা শিক্ষা অফিসার, রংপুর (সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর (সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৮। ...................................................নোটিশ বোর্ড, রংপুর।
৯। অফিস নথি।

(মোঃ মোস্তাক আহম্মেদ)
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
রংপুর।
ফোন ঃ ০৫২১-৬২৮১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
শিক্ষা ও কল্যাণ শাখা
www.rangpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৮৫০০.০১৬.১৭.০৪১.১৯.৪৬৪

তারিখ : ০৬আগস্ট ২০২০

**বিষয় : জাতীয় শোক দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে অনলাইন রচনা এবং কবিতা আবৃত্তি প্রতিযোগিতার প্রচার প্রসংগে**

রংপুর জেলা প্রশাসনের আয়োজনে জাতীয় শোক দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে রংপুর মহানগরের বিভিন্ন স্কুল/কলেজ পর্যায়ে অনলাইন রচনা এবং কবিতা আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হতে যাচ্ছে। প্রতিযোগিতা সম্পর্কিত যাবতীয় তথ্য সম্পর্কে জানার জন্য জেলা প্রশাসনের ওয়েব পোর্টাল (rangpur.gov.bd) ভিজিট করার বিষয়ে প্রচারের জন্য আপনাকে সানুগ্রহ অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০২ পাতা

অ[illegible]ু বড়ুয়া
সহকারী কমিশনার
শিক্ষা ও কল্যাণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
ফোন: ০৫২১-৬৩১৯১

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমি
রংপুর

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রংপুর
২. সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অফিস কপি।

# জাতীয় শোক দিবস উপলক্ষ্যে অনলাইন রচনা এবং আবৃত্তি প্রতিযোগিতা

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষ্যে জেলা প্রশাসনের আয়োজনে অনলাইনে রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হতে যাচ্ছে। জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবপোর্টাল (rangpur.gov.bd) এর নোটিশবোর্ডে প্রবেশ করে প্রতিযোগিতার সামগ্রিক তথ্য নেয়া যাবে। বিস্তারিত জানতে জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েব পোর্টালে নোটিশ বোর্ড ভিজিট করার অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে

জেলা প্রশাসক

রংপুর।

# অনলাইন রচনা ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতা

রংপুর জেলা প্রশাসনের আয়োজনে জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষ্যে অনলাইন রচনা ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হতে যাচ্ছে। আগ্রহীদের আগামী ১৩ আগস্ট দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ই-মেইল ঠিকানায় রচনা/আবৃত্তি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

## রচনা প্রতিযোগিতা

| পর্যায় | রচনা প্রতিযোগিতার বিষয় | লেখা জমা দেয়ার সামগ্রিক তথ্য |
|---|---|---|
| ক গ্রুপ<br>(৩য়-৫ম শ্রেণি) | বিষয়ঃ বঙ্গবন্ধুর ছেলেবেলা (৫০০ শব্দের মধ্যে)<br>সংকেতঃ ১. ভূমিকা ২. বঙ্গবন্ধুর জন্ম ৩. বঙ্গবন্ধুর পরিবারবর্গ ৪. বঙ্গবন্ধুর স্কুল জীবন ৫. বঙ্গবন্ধুর কৈশোর ৬. উপসংহার | আগামী ১৩ আগস্টের মধ্যে প্রত্যেকটি লেখার সফটকপি (PDF ফরমেটে)<br>dcoffice15august@gmail.com<br>ই-মেইল ঠিকানায় আপলোড করতে হবে।<br>যোগাযোগঃ<br>অতনু বড়ুয়া<br>সহকারী কমিশনার<br>শিক্ষা ও কল্যাণ শাখা<br>জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর।<br>মোবাইল নাম্বারঃ ০১৭৩৮-৯৯৮৯০০ |
| খ গ্রুপ<br>(৬ষ্ঠ-১০ম শ্রেণি) | বিষয়ঃ বঙ্গবন্ধু ও স্বাধীনতা (১০০০ শব্দের মধ্যে)<br>সংকেতঃ ১. ভূমিকা ২. বঙ্গবন্ধুর ছাত্রজীবন ৩. ভাষা আন্দোলনে বঙ্গবন্ধু ৪. ছয়দফা ৫. ৬৯ এর গণঅভ্যুত্থান ৬. ৭ই মার্চ ৭. উপসংহার | |
| গ গ্রুপ<br>(১১শ-১২শ শ্রেণি) | বিষয়ঃ স্বপ্নের পদ্মাসেতু (১২০০ শব্দের মধ্যে)<br>সংকেতঃ ১. ভূমিকা ২. ভৌগোলিক অবস্থান ৩. আয়তন ও অবকাঠামো ৪. সেতু নির্মাণে ব্যয় ৫. অর্থনৈতিক গুরুত্ব ৬. উপসংহার | |

## আবৃত্তি প্রতিযোগিতা

| পর্যায় | কবিতা আবৃত্তির প্রতিযোগিতার বিষয় | আবৃত্তির প্রেরণের সামগ্রিক তথ্য |
|---|---|---|
| ক গ্রুপ<br>(প্রাথমিক<br>১ম-৫ম) | কবিতার নামঃ স্বাধীনতা তুমি (নির্ধারিত অংশ)<br>রচয়িতাঃ শামসুর রাহমান | আগামী ১৩ আগস্টের মধ্যে প্রত্যেকটি কবিতা আবৃত্তির ভিডিও/অডিও ফাইল<br>dcoffice15august@gmail.com<br>ই-মেইল ঠিকানায় আপলোড করতে হবে। কবিতার নির্ধারিত অংশ এর সাথে সংযুক্ত করা হলো এবং উল্লিখিত অংশ আবৃত্তি করে মেইল করতে হবে।<br>যোগাযোগঃ<br>অতনু বড়ুয়া<br>সহকারী কমিশনার<br>শিক্ষা ও কল্যাণ শাখা<br>জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর।<br>মোবাইল নাম্বারঃ ০১৭৩৮-৯৯৮৯০০ |
| খ গ্রুপ<br>(মাধ্যমিক<br>৬ষ্ঠ-১০ম) | কবিতার নামঃ স্বাধীনতা, এই শব্দটি কিভাবে আমদের হলো (নির্ধারিত অংশ)<br>রচয়িতাঃ নির্মলেন্দু গুণ | |

আপলোড করার সাথে সাথে প্রত্যেক প্রতিযোগীকে তাদের ব্যক্তিগত তথ্য সংযুক্ত করে দিতে হবে।

নামঃ<br>
শ্রেণিঃ<br>
অভিভাবকের নামঃ<br>
স্কুল/কলেজের নামঃ<br>
মোবাইল নাম্বারঃ

৫

# আবৃত্তি প্রতিযোগিতা

## প্রাথমিক গ্রুপ

স্বাধীনতা তুমি
শামসুর রাহমান

স্বাধীনতা তুমি
রবিঠাকুরের অজর কবিতা, অবিনাশী গান।
স্বাধীনতা তুমি
কাজী নজরুল ঝাঁকড়া চুলের বাবরি দোলানো
মহান পুরুষ, সৃষ্টিসুখের উল্লাসে কাঁপা-
স্বাধীনতা তুমি
শহীদ মিনারে অমর একুশে ফেব্রুয়ারীর উজ্জ্বল সভা
স্বাধীনতা তুমি
পতাকা-শোভিত শ্লোগান-মুখর ঝাঁঝালো মিছিল।
স্বাধীনতা তুমি
ফসলের মাঠে কৃষকের হাসি।
স্বাধীনতা তুমি
রোদেলা দুপুরে মধ্যপুকুরে গ্রাম্য মেয়ের অবাধ সাঁতার।
স্বাধীনতা তুমি
মজুর যুবার রোদে ঝলসিত দক্ষ বাহুর গ্রন্থিল পেশী।
স্বাধীনতা তুমি
অন্ধকারের খাঁ খাঁ সীমান্তে মুক্তিসেনার চোখের ঝিলিক।
স্বাধীনতা তুমি
বটের ছায়ায় তরুণ মেধাবী শিক্ষার্থীর
শানিত কথার ঝলসানি-লাগা সতেজ ভাষণ।
স্বাধীনতা তুমি
চা-খানায় আর মাঠে-ময়দানে ঝোড়ো সংলাপ।
স্বাধীনতা তুমি
কালবোশেখীর দিগন্তজোড়া মত্ত ঝাপটা।
স্বাধীনতা তুমি
শ্রাবণে অকূল মেঘনার বুক
স্বাধীনতা তুমি, পিতার কোমল জায়নামাজের উদার জমিন।

মাধ্যমিক গ্রুপ

স্বাধীনতা, এই শব্দটি কিভাবে আমাদের হলো

নির্মলেন্দু গুণ

একটি কবিতা লেখা হবে তার জন্য অপেক্ষার উত্তেজনা নিয়ে
লক্ষ লক্ষ উন্মত্ত অধীর ব্যাকুল বিদ্রোহী শ্রোতা বসে আছে
ভোর থেকে জনসমুদ্রের উদ্যান সৈকতে-
'কখন আসবে কবি?' 'কখন আসবে কবি?'

এই শিশু পার্ক সেদিন ছিল না,
এই বৃক্ষে- ফুলে শোভিত উদ্যান সেদিন ছিল না,
এই তন্দ্রাচ্ছন্ন বিবর্ণ বিকেল সেদিন ছিল না।
তাহলে কেমন ছিল সেদিনের সেই বিকেল বেলাটি?
তাহলে কেমন ছিল শিশু পার্কে, বেঞ্চে, বৃক্ষে,
ফুলের বাগানে ঢেকে দেয়া এই ঢাকার হৃদয় মাঠখানি?
জানি, সেদিনের সব স্মৃতি মুছে দিতে
হয়েছে উদ্যত কালো হাত।
তাই দেখি কবিহীন এই বিমুখ প্রান্তরে আজ
কবির বিরুদ্ধে কবি,
মাঠের বিরুদ্ধে মাঠ,
বিকেলের বিরুদ্ধে বিকেল,
উদ্যানের বিরুদ্ধে উদ্যান,
মার্চের বিরুদ্ধে মার্চ...

শত বছরের শত সংগ্রাম শেষে রবীন্দ্রনাথের মতো দৃপ্ত পায়ে হেঁটে
অতঃপর কবি এসে জনতার মঞ্চে দাঁড়ালেন।